



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৩/২০১৩

তারিখ : ২০ আষাঢ়, ১৪২০
০৪ জুলাই, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

সাপ্তাহিক ছুটির দিন শনিবারে ব্যাংকসমূহের বৈদেশিক মুদ্রা লেনদেনকারী (এডি) শাখাসমূহ খোলা রাখা প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ে ২৭ মার্চ, ২০১৩ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২ । উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত দেশের তফসিলি ব্যাংকগুলোর সব অথরাইজড ডিলার শাখাকে স্বাভাবিক ব্যাংকিং সময়সূচি অনুযায়ী সকল প্রকার লেনদেন করার জন্য সাপ্তাহিক ছুটির দিন প্রতি শনিবার খোলা রাখার জন্য নির্দেশ দেয়া হয় ।

০৩ । এক্ষণে, উপর্যুক্ত সার্কুলার লেটারের নির্দেশনা প্রত্যাহারপূর্বক অত্র বিভাগ কর্তৃক জারীকৃত ০৭ ডিসেম্বর, ২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ এর নির্দেশনা মোতাবেক দেশের বৈদেশিক বাণিজ্য ও লেনদেনের সুবিধার্থে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা (অথরাইজড ডিলার) শুক্র ও শনিবার খোলা থাকবে এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত আমদানী-রপ্তানী বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য অথরাইজড ডিলার শাখাগুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলো স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখতে পারবে । উল্লেখ্য, এসব শাখার অফিস ও লেনদেন সময়সূচি ব্যাংকগুলো নিজেরাই নির্ধারণ করতে পারবে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/--

(অসীম কুমার মজুমদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১